



ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২

ওয়েবসাইট: www.dcc.edu.bd ই-মেইল: cdhakacommercecollege@yahoo.com

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৭/১২/২০২৪

স্টল বরাদ্দের বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, আগামী ২৩ ডিসেম্বর ২০২৪ কলেজ প্রাঙ্গণে পিঠা উৎসব অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্যোগে বিভিন্ন স্টলের মাধ্যমে পিঠা প্রদর্শনী ও বিক্রয়ের ব্যবস্থা থাকবে। পিঠা উৎসবে স্টল বরাদ্দ পেতে আগ্রহী ছাত্র-ছাত্রীদেরকে ১৯/১২/২০২৪ তারিখের মধ্যে প্রফেসর কাজী ফারুকী ভবন-এর ৩১৩ নং কক্ষ (কম্পিউটার ল্যাব) থেকে আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়ার জন্য বলা হচ্ছে।

আবেদনপত্রে উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদেরকে শিক্ষার্থী উপদেষ্টা, অনার্স-মাস্টার্স পর্যায়ের শিক্ষার্থীদেরকে চেয়ারম্যান/পরিচালক এবং বিভিন্ন ক্লাবের সদস্যদেরকে সংশ্লিষ্ট ক্লাব মডারেটরের সুপারিশ থাকতে হবে।

অংশগ্রহণকারী স্টলগুলোর মধ্য থেকে সর্বোচ্চ তিনটি স্টলকে পুরস্কার প্রদান করা হবে। এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করা হবে।

- ১। পিঠা সামগ্রীর সংখ্যা ও বৈচিত্র্যময়তা;
- ২। স্টলের সাজসজ্জা;
- ৩। উপস্থাপনা ও পিঠা সামগ্রীর পরিবেশনা;
- ৪। অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পেশাদারিত্ব;
- ৫। আচার-আচরণ, উদ্যোক্তা ও বিক্রেতাসুলভ মানসিকতা;
- ৬। সদস্যদের স্বকীয়তা ও ব্যক্তিগতভাবে নৈপুণ্য প্রদর্শন এবং
- ৭। সৃজনশীলতা।

উল্লেখ্য স্টল বরাদ্দ পেতে ৫০০/- (পাঁচশত টাকা) রেজিস্ট্রেশন ফি (অফেরতযোগ্য) হিসেবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।



অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ



ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২

ওয়েবসাইট: www.dcc.edu.bd ই-মেইল: cdhakacommercecollege@yahoo.com

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৭/১২/২০২৪

বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজের সকল শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীকে জানানো যাচ্ছে যে, আগামী ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখ কলেজ প্রাঙ্গণে পিঠা উৎসব অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্যোগে বিভিন্ন স্টলের মাধ্যমে পিঠা প্রদর্শনী ও বিক্রয়ের ব্যবস্থা থাকবে। অনুষ্ঠিতব্য পিঠা উৎসবে সকলের উপস্থিতি একান্ত কাম্য।



অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ